**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05.04.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35AM** **Compiling & NR :- NBR**

**DEO: KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষাকর্মীর চাকরী বাতিলের পর সমাজের বিভিন্ন স্তরে তীব্র আলোড়ন দেখা দিয়েছে।

# SSC-র চেয়ারম্যান বলেছেন, সুপ্রিম কোর্টের আদেশ মেনে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে কমিশন প্রস্তুত।

২/ মালদার মোথাবাড়ির ঘটনা, বিস্তারিতভাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককে অবহিত করা হবে বলে জাতীয় মহিলা কমিশন জানিয়েছে।

# রাজ্যের তরফে অবশ্য পরিস্থিতি স্বাভাবিক বলে দাবী করা হয়েছে।

৩/ রামনবমীকে কেন্দ্র করে কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে, প্রশাসন বিভিন্ন স্পর্শকাতর জেলায় বাড়তি নজরদারির সিদ্ধান্ত নিয়েছে।

৪/ মিড ডে মিলে খাবারের গুণগত মান বজায় রাখতে সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুল ছাড়াও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে সরজমিনে নজরদারি চালাবে রাজ্য সরকার ।

৫/ আজ অন্নপূর্ণা পুজো। শক্তির বিশেষ রূপে দেবীর আরাধনা চলছে।

*************************************************************************

সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষাকর্মীর চাকরী বাতিলের পর সমাজের বিভিন্ন স্তরে তীব্র আলোড়ন চলছে। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো সরকার যোগ্য অথচ চাকরি হারানো শিক্ষকদের পাশে থাকবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। গতকাল সাংবাদিক বৈঠকে শিক্ষামন্ত্রী দাবি করেন, SSC, যোগ্য ও অযোগ্য প্রার্থীদের ভাগ করতে পারেনি বলে যে প্রচার চলছে তা’ ঠিক নয়। বরং আদালতই তা’ নিয়ে সন্তুষ্ট হতে পারেনি। এই রায় পুনর্বিবেচনা করার জন্য ফের সুপ্রিম কোর্টে আবেদন জানানো হবে কিনা, সে সিদ্ধান্ত SSC-র বলেও মন্তব্য করেন তিনি।

অন্যদিকে, স্কুল সার্ভিস  কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, সুপ্রিম কোর্টের আদেশ মত নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য SSC-কে চিঠি দিয়েছে রাজ্য সরকার। এ ব্যাপারে আইনি পরামর্শ নেওয়া হচ্ছে। কমিশন নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য যুদ্ধকালীন পরিস্থিতিতে কাজ করছে। যোগ্য প্রার্থীদের যে সুযোগ-সুবিধার কথা আদালত বলেছে, সে কথা মাথায় রেখেই নিয়োগ করা হবে বলে তিনি আশ্বাস দেন। পাশাপাশি, কেউ অন্য কোন সরকারি প্রতিষ্ঠান থেকে চাকরি ছেড়ে এলে, তাঁকে পুরনো জায়গায় আবেদন জানাতে হবে বলেও চেয়ারম্যান জানিয়েছেন।

( বাইট- সিদ্ধার্থ )

বিজেপি,  চাকরী বাতিল হওয়া প্রার্থীদের দায় নিয়ে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি করেছে। দিল্লিতে গতকাল সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার  বলেন, এই চাকরি বাতিলের জন্য মমতা ব্যানার্জিই দায়ী। তাই যেসব প্রার্থীর বেতন বন্ধ হয়ে যাবে তাদের, তৃণমূল কংগ্রেসের দলীয় তহবিল এবং মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা দিতে হবে।

**********************

বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে লাগাতার প্রতিক্রিয়া ব্যক্ত করা হচ্ছে।
অধ্যাপক সংহতি মঞ্চ চাকরী বাতিলের জন্য সরাসরি রাজ্য সরকার ও SSC-কে দায়ী করেছে।

আবুটা-র সাধারণ সম্পাদক গৌতম মাইতি, অবিলম্বে স্বচ্ছ ও আইনানুগ নিয়োগ প্রক্রিয়া চালু করার দাবী জানান।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী **সমিতি** গতকাল বিকাশ ভবন অভিযান ক'রে শিক্ষা দপ্তরে স্মারকলিপি জমা দেয়। যোগ্যদের নিয়োগ করা না হলে আগামীদিনে বৃহৎ আন্দোলনে নামার'ও হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

শ্রমিক সংগঠন **সিটু**, গতকাল এক বিবৃতিতে এই দুর্নীতির সঙ্গে যুক্ত সকলের শাস্তি নিশ্চিত করতে বলেছে। আজ রাজ্য জুড়ে তারা বিক্ষোভ কর্মসূচীর'ও ডাক দিয়েছে।

**********************

মালদার মোথাবাড়ির ঘটনা, বিস্তারিতভাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে জানানো হবে বলে জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার জানিয়েছেন। গতকাল তিনি মোথাবাড়ির একাধিক এলাকা পরিদর্শন করে মহিলাদের সঙ্গে কথা বলেন। মোথাবাড়ির ঘটনায় প্রশাসনের পক্ষ থেকে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা' জানিয়ে ১৫ দিনের মধ্যে জেলাশাসক ও পুলিশ সুপারকে রিপোর্ট জমা দিতে বলেন তিনি।

( বাইট- অর্চনা )

অন্যদিকে, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে একটি দল বিভিন্ন গ্রাম ঘুরে দেখে। পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলেই দাবী করেন তিনি। গুজব এবং উস্কানিমূলক মন্তব্যেই এধরণের ঘটনা বলে তাঁর দাবী। সেখানকার রিপোর্ট তৈরী করে খুব শীঘ্রই মুখ্যমন্ত্রীর কাছে তা' পেশ করা হবে বলেও তিনি জানান।

( বাইট- লীনা)

অন্যদিকে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় হিন্দুদের উপর আক্রমণ ও মন্দির ভাঙচুরের প্রতিবাদে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বাংলার দলীয় সাংসদরা গতকাল দিল্লিতে বঙ্গভবনের সামনে বিক্ষোভ দেখান। পুলিশ তাদের আটক করে থানায় নিয়ে যায়।

**********************

রামনবমীকে কেন্দ্র করে আগামীকাল কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাজ্য সরকার, বিভিন্ন স্পর্শকাতর জেলায় বাড়তি নজরদারির সিদ্ধান্ত নিয়েছে। ৫ই এপ্রিল থেকে সোমবার ৭ই এপ্রিল হাওড়া শহর, গ্রামীণ, ব্যারাকপুর, চন্দননগর, মুর্শিদাবাদ,

শিলিগুড়ি, মালদা, ইসলামপুর, কোচবিহারের বিভিন্ন জায়গায় ২৯ জন IPS আধিকারিককে দায়িত্ব দিয়ে রাজ্য পুলিশের তরফে তার তালিকা জেলাগুলিতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য এর আগে একই কারণে দুই থেকে ৯ই এপ্রিল পর্যন্ত পুলিশের সব স্তরের কর্মীদের ছুটি বাতিল করা হয়।

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কিছু পড়ুয়ার অনুরোধ সত্ত্বেও কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের মধ্যে রামনবমী পালন করার আবেদন খারিজ করে দিয়েছে। এ'সম্পর্কিত বিষয়ে পর্যালোচনা করতে গঠিত কমিটির সদস্যরা বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য অধ্যাপক অমিতাভ দত্তের ঘরে বৈঠক করেন। ওই বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয় বলে বিশ্ববিদ্যালয়ের তরফে এক বিবৃতিতে জানা গিয়েছে। বর্তমানে উপাচার্য পদটি শূন্য থাকায় এসময়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষে অন্য কোন সিদ্ধান্ত নেওয়া সম্ভব নয় বলে ওই বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

*********************

মিড ডে মিলে খাবারের গুণগত মান ধরে রাখতে রাজ্য সরকার সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুল ছাড়াও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে সরজমিনে নজরদারির নির্দেশ দিয়েছে। মিড ডে মিল নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল বিকালে নবান্নে বিদ্যালয় শিক্ষা দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। সমাজ কল্যাণ, স্বাস্থ্য, পঞ্চায়েত সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা সেখানে উপস্থিত ছিলেন। সব ধরনের পরিচ্ছন্নতা বিধি মেনে স্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি হচ্ছে কিনা তা দেখার উপরে জোর দেওয়া ছাড়াও চলতি অর্থবছরের মিড ডে মিল প্রকল্পের বার্ষিক পরিকল্পনা নিয়ে বৈঠকে কথা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। ছাত্রীদের আয়রন ও ফলিক অ্যাসিড এর ট্যাবলেট দেওয়ার কাজেও বিশেষ নজর দেওয়ার কথা বলা হয়েছে।

*********************

রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ পদে নিয়োগ করা হলো দুই সাংবাদিক দেবাশীষ ভট্টাচার্য এবং পূষণ গুপ্ত কে। তিন বছরের জন্য খাদ্য দফতরের চিফ কমিশনার (মনিটরিং ও সুপারভিশন ) পদে নিয়োজিত হলেন প্রাক্তন সাংবাদিক দেবাশীষ ভট্টাচার্য। রাজ্য সরকারের খাদ্যসাথী প্রকল্প সহ রাজ্যের গণবন্টন ব্যাবস্থাকে কার্যকরী এবং জনমুখী করে

তোলা এই পদের মূল লক্ষ্য বলে খাদ্য দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে। অন্যদিকে হিডকো-র অন্তর্গত ওয়েলফেয়ার ফর নিউটাউন এর চেয়ারপারসন হয়েছেন পুষণ গুপ্ত।

**********************

জলপথে পণ্য পরিবহণ বাড়ানোর লক্ষ্যে রাজ্যসরকার বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় মাস্টার প্ল্যান তৈরির কাজে হাত দিয়েছে। ২০৫০ সালে রাজ্যের জনসংখ্যা বৃদ্ধির সম্ভাব্য পরিমাণের সঙ্গে সাযুজ্য রেখেই কলকাতা মহানগরীর জলপথ পরিবহণকে আরও আধুনিক করার পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর ও পরিবহণ দফতর যৌথভাবে পরিকল্পনা রূপায়ণ করবে। পরিকাঠামো তৈরি ও উন্নয়নে আনুমানিক খরচের সম্ভাব্য উৎস সংক্রান্ত রূপরেখাও থাকবে মাস্টার প্ল্যানে। অন্যদিকে, স্থলপথে দূষণ কমাতে ব্যাটারি, বায়ো ডিজেল ও বিদ্যুৎ চালিত গাড়ির ব্যবহার বাড়ানোর পরিকল্পনা, কলকাতা বন্দরকে কাজে লাগিয়ে পণ্য পরিবহণ বাড়ানোর রূপরেখার ওপরেও আলোকপাত করা হবে বলে পরিবহণ দফতর সূত্রে জানা গেছে। রাজ্যের পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেন, রাস্তায় যেভাবে গাড়ির চাপ বাড়ছে তাতে জলপথই বিকল্প। সেজন্যেই এই মাস্টার প্ল্যান তৈরি করা হচ্ছে। সুন্দরবনের বহু প্রত্যন্ত এলাকায় রো-রো ভেসেল পরিষেবা চালু হচ্ছে। কলকাতা সহ বিভিন্ন জেলায় অনেক নতুন জেটি তৈরি করা হচ্ছে বলেও মন্ত্রী জানান।

**********************

পূর্ব ঘোষিত ট্র্যাফিক ব্লক বাতিল করে মেট্রো রেলের গ্রিন লাইন-টু অর্থাৎ হাওড়া ময়দান থেকে Esplanade এর পরিষেবা আগামীকাল শুরু হচ্ছে।

দুটি দিক থেকেই প্রথম মেট্রো পরিষেবা শুরু হবে দুপুর দুটো ১৫ মিনিটে। শেষ টেন ছাড়বে রাত ৯ টা ৪৫ মিনিটে। তবে গ্রীন লাইন –ওয়ান অর্থাৎ শিয়ালদা – সেক্টর ফাইভের পরিষেবা বন্ধ থাকবে। ব্লু লাইন পরিষেবা যথারীতি থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

**********************

সংশ্লিষ্ট পারমিট পেলেই পশ্চিমবঙ্গ পরিবহন নিগম WBTC কলকাতা - পুরীর মধ্যে বাস পরিষেবা চালু করবে। ওই পারমিট পাওয়ার জন্য WBTC ইতিমধ্যেই STA এর কাছে আবেদন করেছে বলে সংস্থার এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন। তিনি বলেন, কলকাতা পুরীর পাশাপাশি কলকাতা থেকে পুরুলিয়া, দিঘা ও মায়াপুরে এই বাস পরিষেবা দেওয়া হবে। এজন্য ইতিমধ্যে অত্যাধুনিক ৬ টি VOLVO বাস নিগমের হাতে এসেছে। এছাড়াও প্রায় ১৪ টি বাস সংস্থার কাছে রয়েছে। চালক ও কর্মী ছাড়া ৪২ আসন বিশিষ্ট কলকাতা-পুরী রাত্রিকালীন বাস পরিষেবা দেওয়া হবে। যাত্রী চাহিদার কথা বিবেচনা করে সল্টলেকের করুণাময়ী, অথবা কলকাতার ধর্মতলা থেকে বাসের যাত্রা শুরু হবে। যদিও এব্যাপারে এখন চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলে তিনি জানান।

উল্লেখ্য, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতা-পুরী সহ অন্যান্য রুটেও এই বাস পরিষেবা উদ্বোধন করবেন।

**********************

আজ অন্নপূর্ণা পুজো। অন্নদাত্রী মাতা হিসেবে দেবী অন্নপূর্ণার পূজা করা হলেও শক্তির এক বিশেষ রূপেও দেবী অন্নপূর্ণা পূজিত হন। চৈত্র মাসের শুক্লা অষ্টমী তিথিতে এই পুজো অনুষ্ঠিত হয়। আচার মেনে উপবাস করে ও ব্রত পালন করে অনেকে অন্নপূর্ণার পুজো করে থাকেন।

উল্লেখ্য, দেবী অন্নপূর্ণা, দেবী পার্বতীর আরেক রূপ।

**********************

বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী কণিকা বন্দ্যোপাধ্যায়ের প্রয়াণ বার্ষিকী আজ যথাযথ শ্রদ্ধায় পালিত হচ্ছে। দীর্ঘ রোগভোগের পর ২০০০ সালে আজকের দিনে কলকাতায় তাঁর জীবনাবসান হয়। দিনটি স্মরণে কলকাতার পাশাপাশি শান্তিনিকেতনে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

( গান- তবু মনে রেখো ..... )

******************************************************************